

5047
15.12.25

জয়দেব কেন্দুলী গ্রাম পঞ্চায়েত

জয়দেব কেন্দুলী, ইলামবাজার, বীরভূম

মেমো নং: - ৩২৩/জে.কে.জি.পি/২০২৫

তারিখ: - ১২/১২/২০২৫

জয়দেব কেন্দুলী সঙ্গী হাটের ইজারা ডাকের বিজ্ঞপ্তি

জয়দেব কেন্দুলী গ্রাম পঞ্চায়েতের পক্ষ থেকে জন সাধারণকে জানানো হচ্ছে যে জয়দেব কেন্দুলী সঙ্গী হাট টি আগামী ১ বৎসরের জন্য ইজারা দেওয়া হবে। এই উদ্দেশ্যে আগামী ১৯/১২/২৫ তারিখ দুপুর ২ টো সময় জয়দেব কেন্দুলী গ্রাম পঞ্চায়েত সভা কক্ষে জয়দেব কেন্দুলী সঙ্গী হাটের ইজারা ডাক অনুষ্ঠিত হবে। জয়দেব কেন্দুলী এলাকা ভুক্ত সমস্ত ব্যক্তি বা সংস্থা এই হাটের ইজারা নিতে ইচ্ছুক তাদের এই ডাকে অংশ গ্রহনের জন্য অনুরোধ জানানো হচ্ছে।

- * শুধু মাত্র জয়দেব কেন্দুলী গ্রাম পঞ্চায়েত এলাকা ভুক্ত ব্যক্তি বা সংস্থা এই ডাকে অংশ গ্রহন করতে পারবে*
সরকারী ডাক ৪৭৬০০০/- (চার লক্ষ ছিয়াত্তর হাজার টাকা মাত্র)
প্রতিটি বীড নির্দিষ্ট ৫০০/- (পাঁচ শত টাকা)

হাট ডাকে অংশ গ্রহন করার জন্য প্রয়োজনীয় শর্তাবলী

- ডাকে অংশ গ্রহনে ইচ্ছুক ব্যক্তিকে ৫০০০/- (পাঁচ হাজার টাকা) অগ্রিম, এবং একটি সচিত্র পরিচয় পত্র জমা দিয়ে ডাকে অংশ গ্রহন করতে হবে।
- ডাকে অংশ গ্রহনকারী ব্যক্তি বা সংস্থা কে প্রথম রাউন্ডের ডাকে অবশ্যই অংশ গ্রহন করতে হবে। অর্থাৎ কমপক্ষে একটি ডাক দিতেই হবে অন্যথা তার অগ্রিম জমার (আনেষ্ট মানি) বাজেয়াপ্ত করা হবে।
- সর্বোচ্চ ডাক প্রদানকারীকে ডাকের দিন সমস্ত টাকা জমা দিতে হবে এবং সম্পূর্ণ টাকা জমা দিয়ে গ্রাম পঞ্চায়েতের সহিত এগ্রিমেন্ট স্বাক্ষর করে তবেই আদায়ের অনুমতি পাওয়া যাবে, অন্যথা তার ডাক বাতিল বলিয়া গণ্য হবে এবং অগ্রিম জমা বাজেয়াপ্ত করা হবে।
- সর্বোচ্চ, দ্বিতীয় সর্বোচ্চ ও তৃতীয় সর্বোচ্চ ডাক প্রদানকারী ব্যক্তির অগ্রিম জমা ততক্ষন পর্যন্ত জমা রাখা হবে যতক্ষন না সর্বোচ্চ ডাক প্রদানকারী ব্যক্তি সমগ্র টাকা জমা দিয়ে ইজারা নেওয়া সুশ্চিত করে।
- ডাক গ্রহন ও বর্জনের ব্যাপারে গ্রাম পঞ্চায়েতের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে এবং এ ব্যাপারে গ্রাম পঞ্চায়েত কোনোরূপ কারণ দর্শাতে বাধ্য থাকবে না।
- জয়দেব কেন্দুলী মেলার জন্য হাট যদি অন্য জায়গাতে সরিয়ে দেয় তার জন্য গ্রাম পঞ্চায়েত কোন দায়িত্ব নেবে না।

12/12/25
প্রধান
জয়দেব কেন্দুলী গ্রাম পঞ্চায়েত
Joydev Kenduli Gram Panchayat

মেমো নং :- ৩২৬/জে.কে.জি.পি/২০২৫

তারিখ :- ১২/১২/২০২৫

ব্যাপক প্রচারের উদ্দেশ্যে প্রেরিত হইল :-

- ১) বি.ডি.ও., ইলামবাজার ডেভেলপমেন্ট অফিস
- ২) সভাপতি, ইলামবাজার পঞ্চায়েত সমিতি
- ৩) জয়দেব গ্রাম পঞ্চায়েত নোটিশ বোর্ড
- ৪) জয়দেব কেন্দুলী হাট শেড
- ৫) পশ্চিমবঙ্গ গ্রামীন ব্যাঙ্ক, জয়দেব কেন্দুলী
- ৬) ইউকো ব্যাঙ্ক, জনুবাজার

12/12/25
প্রধান
জয়দেব কেন্দুলী গ্রাম পঞ্চায়েত
Joydev Kenduli Gram Panchayat